গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট
উপবৃত্তি শাখা
বাড়ি নং-৪৪, সড়ক নং-১২/এ, ধানমন্ডি, ঢাকা-১২০৯
www.pmeat.gov.bd

স্মারক নং-৩৭.২৪.০০০০.০০০.০০৩.৮৬.০০০১.২৬-১৫

তারিখ: ২০ মাঘ ১৪৩২ বঙ্গাব্দ
০৩ ফেব্রুয়ারি ২০২৬ খ্রিস্টাব্দ

সরকারি কেশব চন্দ্র কলেজ, ঝিনাইদহ
প্রাপ্তি নং ১২৭
তারিখ ০৫/০২/২৬
বিভাগীয় প্রধানের নিকট
পরীক্ষা নিয়ন্ত্রক
ভর্তি কমিটি
লাইব্রেরি
সহকারী অধ্যক্ষ

বিষয়: এককালীন জরুরি আর্থিক সহায়তার আবেদন গ্রহণ প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্টের আওতায় সরকারি-বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানের ৬ষ্ঠ থেকে স্নাতক ও সমমান পর্যায়ের দুরারোগ্য ব্যাধিতে আক্রান্ত/অসহায় এবং দরিদ্র ও মেধাবী শিক্ষার্থীদের আপৎকালীন আর্থিক সহায়তা প্রদানের জন্য 'ব্যবস্থাপনা পরিচালক-এর জরুরি তহবিল পরিচালন নির্দেশিকা, ২০২০' জারি করা হয়। উক্ত নির্দেশিকা অনুযায়ী সংশ্লিষ্ট শিক্ষার্থীগণের নিকট থেকে ট্রাস্ট কর্তৃক নির্ধারিত আবেদন ফরমে জরুরি সহায়তার আবেদন গ্রহণ করা হয়। প্রয়োজনীয়তার সাপেক্ষে নির্ধারিত আবেদন ফরমটি সংশোধন করা প্রয়োজন বিধায় আপাতত পুরাতন ফরমে জরুরি আর্থিক সহায়তার আবেদন গ্রহণ কার্যক্রম স্থগিত রয়েছে।

২। বর্ণিতাবস্থায়, ব্যবস্থাপনা পরিচালক-এর জরুরি তহবিল থেকে আর্থিক সহায়তা প্রদানের লক্ষ্যে ট্রাস্ট কর্তৃক নির্ধারিত আবেদন ফরমটি সংশোধন কার্যক্রম চলমান থাকায় আগামী ০৫ ফেব্রুয়ারি ২০২৬ খ্রি. থেকে পরবর্তী নির্দেশনা না দেওয়া পর্যন্ত শিক্ষার্থীদের জরুরি আর্থিক সহায়তা প্রদান নির্দেশিকা, ২০২০ অনুসারে প্রয়োজনীয় তথ্যাদি উল্লেখপূর্বক ব্যবস্থাপনা পরিচালক, প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট, বাড়ি নং ৪৪, সড়ক নং ১২/এ, ধানমন্ডি, ঢাকা-১২০৯ বরাবর ম্যানুয়াল আবেদন করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

৩। **আবেদনের সাথে নিম্নে উল্লিখিত কাগজ-পত্রাদি আবশ্যিক/প্রযোজ্যক্ষেত্রে সংযুক্ত করতে হবে:**

১. শিক্ষার্থীর সদ্যতোলা এক কপি পাসপোর্ট সাইজের রঙিন ছবি। ২. শিক্ষার্থীর জন্মনিবন্ধন সনদ (BRN) ও জাতীয় পরিচয়পত্র (NID)'র (যদি থাকে) ফটোকপি। ৩. পূর্বের শ্রেণিতে শতকরা ন্যূনতম ৬০ অথবা সমমানের জিপিএ ৩:০০ প্রাপ্ত হয়ে পরীক্ষায় উত্তীর্ণের নম্বরপত্রের ফটোকপি। ৪. শিক্ষার্থীর পিতা ও মাতা'র জাতীয় পরিচয়পত্র (NID)'র ফটোকপি। ৫. শিক্ষা প্রতিষ্ঠান/বিভাগীয় প্রধান কর্তৃক শিক্ষা প্রতিষ্ঠান/বিভাগের নিজস্ব প্যাডে (EIIN নম্বর উল্লেখ থাকতে হবে) প্রদত্ত প্রত্যয়নের কপি। ৬. শিক্ষার্থী/পিতা/মাতা'র ব্যাংক হিসাবের স্টেটমেন্টের কপি। ৭. আবেদনকারী শিক্ষার্থী/পিতা/মাতা'র ব্যাংক হিসাবের তথ্য: ব্যাংক হিসাবের নাম, ব্যাংক হিসাব ধারীর পরিচয়, ব্যাংক হিসাবের নম্বর, ব্যাংকের নাম ও শাখার নাম, শাখার রাউটিং নম্বর।	আবশ্যিকভাবে সংযুক্ত করতে হবে।
৮. পিতা ও মাতার মৃত্যুজনিত বা অন্য কোনো কারণে অভিভাবকের জাতীয় পরিচয়পত্রের ফটোকপি। ৯. দুরারোগ্য ব্যাধিতে আক্রান্ত হলে শিক্ষার্থী/অভিভাবকের চিকিৎসাপত্রের ফটোকপি। ১০. শিক্ষার্থীর 'পিতা/মাতা/অভিভাবক দরিদ্র' মর্মে শিক্ষা প্রতিষ্ঠানপ্রধান কর্তৃক অথবা স্থানীয় ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/পৌরসভা ও সিটি কর্পোরেশনে ওয়ার্ড কাউন্সিলর কর্তৃক প্রদত্ত প্রত্যয়নের কপি। ১১.এতিম শিক্ষার্থী, ভূমিহীন/প্রাকৃতিক দুর্যোগে ক্ষতিগ্রস্ত/দুঃস্থ পরিবারের সন্তান, অসচ্ছল বীর মুক্তিযোদ্ধার সন্তান, প্রতিবন্ধী শিক্ষার্থী/প্রতিবন্ধী পিতা-মাতা হলে এর সমর্থনে প্রমাণকের কপি। ১২. সরকারি-আধাসরকারি-স্বায়ত্তশাসিত দপ্তর ও সাংবিধানিক প্রতিষ্ঠানে কর্মরত ১৩ থেকে ২০তম গ্রেডের কর্মচারীর সন্তানগণকে আবেদনপত্রের সাথে অফিস প্রধান কর্তৃক প্রদত্ত পিতা/মাতা/ অভিভাবকের বেতনের গ্রেড সংক্রান্ত প্রত্যয়নের কপি।	প্রযোজ্যক্ষেত্রে সংযুক্ত করতে হবে।

০৩/০২/২০২৬

(প্রফেসর মোহাম্মদ আনোয়ার হোসেন সোহাগ)
ইনসিটু: সহকারী পরিচালক (উপবৃত্তি)
ফোন: ০২-৫৫০০০৪২৮
ই-মেইল: ad.stipend@pmeat.gov.bd

অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১. সহকারী প্রোগ্রামার, আইসিটি শাখা, প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট, ধানমন্ডি, ঢাকা (এ বিষয়ে প্রয়োজনীয় আইটি সাপোর্ট ও ওয়েবসাইটে আপলোডের অনুরোধসহ)।
২. ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী, প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট, ধানমন্ডি, ঢাকা (ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৩. পরিচালক (অ: দা:) মহোদয়ের ব্যক্তিগত সহকারী, প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট, ধানমন্ডি, ঢাকা (পরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৪. অফিস কপি।